

২০১৮

বাংলা

(সাম্মানিক)

ষষ্ঠ পত্র

পূর্ণমান : ১০

সময় : ৪ ঘণ্টা

সমস্ত প্রশ্নের উত্তর দাও

দক্ষিণ-পাশ্চাত্য সংখ্যাগুণি প্রস্তুতমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

(নতুন পাঠক্রম)

- ১। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১৫ × ৫
- (ক) 'গীতিকাব্য' প্রবন্ধ অবলম্বনে গীতিকাব্য বিষয়ে বঙ্কিমচন্দ্রের মতামত ব্যক্ত করো।
- (খ) 'অনুকরণ' প্রবন্ধটি অনুসরণে অনুকরণের সুফল ও কুফল বিষয়ে বঙ্কিমচন্দ্রের হস্তমতে উপস্থাপিত করো।

- (গ) 'ছিন্নপত্র'র ১৬, ৩০, ৮০ এবং ৯২ সংখ্যক পত্রকে পত্রসাহিত্য হিসেবে বিবেচনা করা যায় কিনা সে বিষয়ে তোমার মতামত দাও ।
- (ঘ) 'জাতীয় জীবন গঠনে সাহিত্যের স্থান' প্রবন্ধে প্রাবন্ধিকের মূল বক্তব্য নিজের ভাষায় লেখো ।
- (ঙ) 'মনের দুটি ভাষা' — প্রবন্ধে প্রাবন্ধিকের ভাবনা লিপিবদ্ধ করো ।
- (চ) 'সাধুভাষা ও চলিতভাষা' প্রবন্ধে চলিত ভাষার সপক্ষে প্রাবন্ধিক যে-সমস্ত যুক্তি দিয়েছেন, তা নিজের ভাষায় ব্যক্ত করো ।

২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫ × ৩

- (ক) 'শকুন্তলা মিরান্দা এবং ডেসদিমনা' প্রবন্ধে প্রাবন্ধিক মিরান্দাকে শকুন্তলা ও ডেসদিমনার চেয়ে সরল বলে প্রতিষ্ঠিত করার সপক্ষে যে-সব যুক্তি দিয়েছেন সেগুলি নিজের ভাষায় লেখো । ৫
- (খ) পিতামহ রামজয় তর্কভূষণ' — প্রবন্ধে বিদ্যাসাগর তাঁর পিতামহের যে সমস্ত চারিত্রিক বৈশিষ্ট্য উল্লেখ করেছেন সেগুলি নিজের ভাষায় লিপিবদ্ধ করো । ৫

(3)

(গ) 'বইপড়া' প্রবন্ধে লেখক বইপড়ার অভ্যাস গড়ে তোলার জোর দিয়েছেন কেন ? — আলোচনা করো । ৫

(ঘ) টাকা লেখো (যে কোন দুটি) :

$\frac{২}{২} \times ২$

ভারতচন্দ্র, প্রম্পেরো, বৈশম্পায়ন ।
